# একলা ডাহুক
-শামসুদ্দিন হারুন

এই এখানেই আমি থাকতাম বসে পড়ন্ত বিকেল বেলা
এখানেই কেটেছে কতো মনোরম সকাল দুপুর রাত
গাছেদের সাথে কথা হতো, মেঘের সাথে লুকোচুরি খেলা
এই এখানেই তুমি ধরেছিলে আমার শীর্ণ দুটি হাত।
দেখো,ওইখানে ছিলাম আমি, ওদিকেই ছিলো আমার বসত
এখন সেখানে উত্তাল জলরাশি, ঘূর্ণিতে নেচে ওঠে মেঘনার ঢেউ,
জনপদ জুড়ে কোলাহল ছিলো, ছিলেন এক প্রবীণ অশ্বথ
এই এখানেই ছিলো, আমার সঙ্গেই ছিলো কোনো একজন কেউ।
ওই যে দেখো, দূরের আকাশে জ্বলে থাকা উজ্জ্বল দু'টি তারা
ওরাই জানে শান্ বাঁধা ঘাটে এসেছিলো এক অচিন পাখি,
জোছনার কোলাহলে ঘুম ভেঙ্গে যায়, প্রবল বাতাস দিয়েছে নাড়া
তুমি কি জানো গভীর গহনে আমি যে কেবল তোমাকেই ডাকি!
এখানে ওখানে এদিকে ওদিকে, এখন কোনো দিকে আমি আর নেই
নেই শৈশব কৈশোর তারুণ্যের আমি, আমি নেই বার্ধক্য জরায়,
অথচ দেখো ঘনবর্ষনে যে তোমাকে বেসেছিলো ভালো, আমি সে-ই
আমি আর সেই আমি নেই, ডুবে গেছি ভেসে গেছি তোমার খরায়!

